সংবাদ

তারিখ 20 JUL 2017
পৃষ্ঠা ৪ কলাম ১

# ঢাবির জগন্নাথ হলে ধীরেন্দ্রনাথ দত্তের নামে ই-লাইব্রেরি

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

পাকিস্তানের প্রথম গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষার করার দাবি তোলা প্রথম বাঙালি শহীদ ধীরেন্দ্রনাথ দত্তের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে ই-লাইব্রেরি গড়ে তোলা হয়েছে। গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের সন্তোষচন্দ্র ভট্টাচার্য ভবনে এ গ্রন্থাগারটির উদ্বোধন করেন। বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে রাজনীতিবিদের নামে প্রতিষ্ঠিত এই ই-লাইব্রেরিটি ছাড়াও এদিন জগন্নাথ হলের প্রথম প্রাধ্যক্ষ নরেশচন্দ্র সেনগুপ্তের নামে একটি সম্মেলন কক্ষ উদ্বোধন করা হয়।

প্রসঙ্গত, ১৯৪৮ সালের ২৪ জানুয়ারি ধীরেন্দ্রনাথ দত্ত প্রথম পাকিস্তানের গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি তোলেন। ১৯৭১ সালের ২৯ মার্চ হানাদার বাহিনী কুমিল্লা ক্যান্টনমেন্টে ধরে নিয়ে গিয়ে তাঁর ওপর নির্মম নির্যাতন চালায়। পরে ১৪ এপ্রিল গুলি করে হত্যা করা হয় তাকে।

গ্রন্থাগার উদ্বোধন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আরেফিন সিদ্দিক বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সত্যিকার অর্থে মুক্তিযুদ্ধের একটি জীবন্ত জাদুঘর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেখানেই যাবেন, সেখানেই দেখা যাবে- মুক্তিযুদ্ধের স্মৃতি। সেগুলো ঘুরে ঘুরে দেখলেও ইতিহাসের শিক্ষা নেয়া যায়। ইতিহাসের চেয়ে বড় শিক্ষার মাধ্যম নেই। ইতিহাস থেকেই আমাদের শিক্ষা নিতে হবে। ইতিহাস থেকে শিক্ষা নেয়ার জন্যই এই বিশ্ববিদ্যালয় বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করে থাকে।

শহীদ ধীরেন্দ্রনাথ দত্তের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে উপাচার্য আরও বলেন, আমরা ইতিহাসকে সব সময় নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে চাই। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশেই আমাদের এই কাজটি করা উচিত। আমরা আশা করি, সারাদেশেই এই মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নের কাজ করে সব সময় নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনা তুলে ধরতে সক্ষম হবো।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর